

# ঢাকা টাইমস

www.dhakatimes24.com

<http://www.dhakatimes24.com/2018/07/10/88367/%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%80%E0%A6%AA%E0%A7%81%E0%A6%B0%E0%A7%87-%E0%A6%AC%E0%A6%95%E0%A7%87%E0%A7%9F%E0%A6%BE-%E0%A6%AC%E0%A7%87%E0%A6%A4%E0%A6%A8%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%A6%E0%A6%BE%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%AE%E0%A6%B9%E0%A6%BE%E0%A6%B8%E0%A7%9C%E0%A6%95-%E0%A6%85%E0%A6%AC%E0%A6%B0%E0%A7%8B%E0%A6%A7>

## শ্রীপুরে বকেয়া বেতনের দাবিতে মহাসড়ক অবরোধ

শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি, ঢাকাটাইমস

প্রকাশিত : ১০ জুলাই ২০১৮, ২২:৩৩

গাজীপুরের শ্রীপুর পৌর এলাকার আনসার রোডে বকেয়া বেতন ভাতার দাবিতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে ওমেগা স্টাইল লিমিটেড কারখানার শ্রমিকেরা।

মঙ্গলবার সন্ধ্যায় বকেয়া বেতন, ঈদ বোনাস ও শ্রমিক ছাটাইয়ের প্রতিবাদে তারা এ অবরোধ করেন।

কারখানার অপারেটর পূর্ণিমা জানান, ঈদের আগে বেতন পরিশোধ করা হলেও ওভারটাইমের টাকা রেখে দেয় কারখানা কর্তৃপক্ষ। তাছাড়া নাইট বিল, রমজান মাসের ইফতার বিল দেয়ার কথা থাকলেও তা পরিশোধ করেনি কারখানা কর্তৃপক্ষ। পরে জুন মাসের বেতন-ওভারটাইমের টাকা জুলাই মাসের ২ তারিখ পরিশোধ করার কথা থাকলেও তা বারবার পরিবর্তন করা হয়। তাছাড়া বকেয়া বেতন ও ভাতার দাবিতে প্রতিবাদ করলে জহির, আরিফ, শান্তা ও রাসেলসহ অনেককে বিনা নোটিশে চাকরিচ্যুত করা হয়।

তবে এ ব্যাপারে কারখানার পক্ষ থেকে বক্তব্য পাওয়া যায়নি।

ইন্ডাস্ট্রিয়াল পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইস্কান্দার হাবীব জানান, কারখানা কর্তৃপক্ষের সাথে কথা বলে শ্রমিক বৃন্দে পরিবেশ শান্ত করার চেষ্টা চলছে।

মাওনা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেলোয়ার হুসেন জানান, বকেয়া বেতন ভাতার জন্য ওমেগা কারখানার শ্রমিকেরা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে। এসময় ১০ মিনিটের মতো মহাসড়কে যান চলাচল বন্ধ থাকে। পরে তাদের বৃন্দে মহাসড়ক থেকে সরিয়ে নিলে যান চলাচল স্বাভাবিক হয়।